



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৭৫২/৮৭

তারিখ : ১০-০৯-২০২৪ খ্রি.

বিষয় : আনীত অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ক) জনাব মোঃ কবীর আহমেদ-এর গত ০৫-১২-২০২৩ খ্রি. তারিখের আবেদন (আইডি নং-২৩২২৪)।

খ) অত্র বোর্ডের ২৪-০৪-২০২৪ খ্রি. তারিখের বিঅ-৬/৪৭৫২/৫৫ নং স্মারকপত্র।

গ) উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা-এর ২০-০২-২০২৪ খ্রি. তারিখে ০৫.৪৪.৮৭৮২.০০০.১০.০০৫.২১.২৪৭ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন নবাবরুণ উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল মালেক গাজী-এর বিরুদ্ধে বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক জনাব মোঃ কবীর আহমেদ একটি অভিযোগ দাখিল করলে উক্ত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য গত ২৪-১২-২০২৩ খ্রি. তারিখে বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৫৫১১ নং স্মারকপত্রে উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা-কে অনুরোধ করে পত্র প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তা গত ২০-০২-২০২৪ খ্রি. তারিখে ০৫.৪৪.৮৭৮২.০০০.১০.০০৫.২১-২৪৭ নং স্মারকপত্রে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় জনাব মোঃ কবীর আহমেদ-এর দাখিলকৃত অভিযোগসমূহের মধ্যে সহকারী শিক্ষক (কম্পিউটার শিক্ষা) নিয়োগের ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো ১৯৯৫ এর ৯ নং ক্রমিকের শর্তাবলী প্রতিপালন করা হয়নি। ২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ) কর্তৃক ১,০০,০০০/- টাকা উদ্বীপনা পুরস্কার এর টাকা নীতিমালা অনুসারে নির্ধারিত শিক্ষকদের মাঝে শতকরা হিসাবে বন্টনের নীতিমালা থাকলেও প্রতিষ্ঠানের উন্নয়নের কাজে ব্যয়ের জন্য ১৮-০১-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে উল্লেখ আছে তবে কি উন্নয়ন মূলক কাজ করেছেন তা উপস্থাপনে প্রধান শিক্ষক ব্যর্থ হয়েছেন। ৩. প্রধান শিক্ষক গত ১৭-০২-২০২২ খ্রি. তারিখে ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক ৬ষ্ঠ, ৭ম ও ১০ম শ্রেণিতে (গ ও ঘ) শাখা এবং ৮ম ও ৯ম শ্রেণিতে (গ) শাখা চালু করে খন্ডকালীন শিক্ষক নিয়োগ করে পাঠদান করাচ্ছেন। শাখা খোলার জন্য কর্তৃপক্ষের কোনো অনুমতি নাই। খন্ডকালীন শিক্ষকদের দিয়ে কোচিং ক্লাসের পাঠদান করিয়ে ফি আদায় করা হচ্ছে যা সরকারের কোনো নীতিমালা নাই মর্মে মতামত দাখিল করেছেন।

এমতাবস্থায়, উল্লেখিত বিষয়ে তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন অনুযায়ী সত্যতা প্রতীয়মান হওয়ায় বর্ণিত বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল মালেক গাজী-এর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি
নবাবরুণ উচ্চ বালিকা বিদ্যালয় (১১৮৮০৯)
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৭৫২/৮৭(১-৮)

তারিখ : ১০-০৯-২০২৪ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। প্রধান শিক্ষক, নবাবরুণ উচ্চ বালিকা বিদ্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৭। জনাব মোঃ কবীর আহমেদ, অভিযোগকারী।
- ৮। সংরক্ষণ নথি।

২০/০৯/২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর